

(একই নম্বর ও তারিখে প্রতিস্থাপিত)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

জনপ্রশাসন মন্ত্রণালয়

সিপি-৪ শাখা

www.mopa.gov.bd

নম্বর ০৫.০০.০০০০.১৯৫.০৫.০০২.২২.৩

তারিখ: ২০ ফাল্গুন ১৪২৯

০৫ মার্চ ২০২৩

বিজ্ঞপ্তি

বিষয়: 'প্রশিক্ষক পুল গঠন ও ব্যবস্থাপনা নীতিমালা-২০২২' এর আলোকে প্রশিক্ষক পুলে অন্তর্ভুক্তির জন্য আবেদন আহ্বান।

'প্রশিক্ষক পুল গঠন ও ব্যবস্থাপনা নীতিমালা-২০২২' অনুসরণ করে জনপ্রশাসন মন্ত্রণালয়ের আওতাধীন প্রশিক্ষণ প্রতিষ্ঠানসমূহের জন্য যোগ্যতাসম্পন্ন প্রশিক্ষক তালিকাভুক্তির লক্ষ্যে আগ্রহী কর্মকর্তাগণের নিকট হতে বিগত ১৫ জানুয়ারি ২০২৩ তারিখের ০৫.০০.০০০০.১৯৫.০৫.০০২.২২.১ নম্বর বিজ্ঞপ্তির আলোকে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন আহ্বান করা হয়। এর অনুবৃত্তিক্রমে নিম্নোক্ত যোগ্যতা ও শর্তসাপেক্ষে আবেদনের সময়সীমা আগামী ১২ মার্চ ২০২৩ তারিখ পর্যন্ত বৃদ্ধি করা হলো:

যোগ্যতা ও শর্তসমূহ:

(ক) সরকারি চাকরিজীবীদের মধ্য হতে ৯ম গ্রেড থেকে ২য় গ্রেড পর্যন্ত কর্মকর্তা এবং এ সকল গ্রেডের আগ্রহী অবসরপ্রাপ্ত সরকারি কর্মকর্তাগণ প্রশিক্ষক পুলে অন্তর্ভুক্ত হওয়ার জন্য আবেদন করতে পারবেন।

(খ) গ্রেড-১ এবং তদুর্ধ্ব পর্যায়ের বিশেষায়িত জ্ঞানসম্পন্ন স্বনামধন্য অবসরপ্রাপ্ত কর্মকর্তাগণের সম্মতি সাপেক্ষে তাঁদেরকেও প্রশিক্ষক পুলে অন্তর্ভুক্ত করা হবে। এরূপ আগ্রহী অবসরপ্রাপ্ত কর্মকর্তাগণ ই-মেইলে (cp4@mopa.gov.bd) দক্ষতার অধিক্ষেত্র/বিষয় উল্লেখপূর্বক তাঁদের সম্মতি জ্ঞাপন করতে পারবেন।

(গ) প্রশিক্ষণ প্রতিষ্ঠানের অনুষদ সদস্যগণ যাঁরা ন্যূনতম তিন বছর প্রশিক্ষণ প্রদানের সঙ্গে সম্পৃক্ত তাঁরাও প্রশিক্ষক পুলে অন্তর্ভুক্তির জন্য আবেদন করতে পারবেন।

(ঘ) আবেদনকারীর ন্যূনতম স্নাতকোত্তর ডিগ্রি এবং নীতিমালায় বর্ণিত অন্যান্য যোগ্যতা ও অভিজ্ঞতা থাকতে হবে এবং এর সপক্ষে প্রমাণাদি সংযোজন করতে হবে।

(ঙ) আবেদনকারীগণের অভিজ্ঞতার ভিত্তিতে ক ও খ শ্রেণিতে প্রশিক্ষকের তালিকা প্রণয়ন করা হবে।

(চ) একজন কর্মকর্তা নীতিমালায় সংযোজনী-৪ এ বর্ণিত অধিক্ষেত্র ও বিষয়ের মধ্য হতে সর্বোচ্চ তিনটি বিষয়ে প্রশিক্ষক পুলে অন্তর্ভুক্ত হওয়ার জন্য আবেদন করতে পারবেন। তালিকার বাইরে কোন অধিক্ষেত্র/বিষয়ে বিশেষায়িত জ্ঞান ও পারদর্শিতা থাকলে সে বিষয়টিকেও তিনি আবেদনের তিনটি অধিক্ষেত্র/বিষয় হিসেবে অন্তর্ভুক্ত করতে পারবেন।

(ছ) কোনো কর্মকর্তার বিরুদ্ধে কোনো বিভাগীয় বা দুর্নীতির মামলা চালু থাকলে কিংবা কোনো কর্মকর্তা বিভাগীয় বা ফৌজদারি মামলায় দণ্ডপ্রাপ্ত হয়ে থাকলে তিনি প্রশিক্ষক পুলে অন্তর্ভুক্ত হওয়ার জন্য আবেদন করতে পারবেন না।

(জ) বর্ণিত নীতিমালা ও আবেদনের হুক www.mopa.gov.bd (আইন/বিধি/বিজ্ঞপ্তি মেনু) ওয়েবসাইটে পাওয়া যাবে।

(ঝ) বর্ণিত সকল তথ্যাদি সন্নিবেশ করে স্বয়ংসম্পূর্ণ আবেদন আগামী ১২/০৩/২০২৩ তারিখের মধ্যে জনপ্রশাসন মন্ত্রণালয়ে পৌঁছাতে হবে।

(ঞ) প্রাপ্ত আবেদনসমূহ যথাযথ বাছাই প্রক্রিয়া অনুসরণ করে চূড়ান্ত করা হবে।

৬-৩-২০২৩

সোনিয়া হাসান

উপসচিব

ইমেইল: info@mopa.gov.bd

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ সচিব-এঁর দপ্তর, মন্ত্রিপরিষদ বিভাগ
- ২) প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়
- ৩) সিনিয়র সচিব/সচিব (সকল) (তঁর আওতাধীন মন্ত্রনালয়/বিভাগ এবং সংশ্লিষ্ট সকল দপ্তর/সংস্থাসমূহের মধ্যে প্রচারের অনুরোধসহ)
- ৪) বিভাগীয় কমিশনার, খুলনা/রাজশাহী/সিলেট/বরিশাল/ময়মনসিংহ/রংপুর/ঢাকা/চট্টগ্রাম (তঁর আওতাধীন সকল দপ্তরসমূহের মধ্যে প্রচারের অনুরোধসহ)
- ৫) জেলা প্রশাসক (সকল) (জেলা পর্যায়ে সকল দপ্তরসমূহের মধ্যে প্রচারের অনুরোধসহ)
- ৬) উপজেলা নির্বাহী অফিসার (সকল) (উপজেলা পর্যায়ে সকল দপ্তরসমূহের মধ্যে প্রচারের অনুরোধসহ)
- ৭) সিনিয়র সিস্টেম এনালিস্ট, সিনিয়র সিস্টেম এনালিস্টের দপ্তর, লোক প্রশাসন কম্পিউটার কেন্দ্র (পিএসিসি), জনপ্রশাসন মন্ত্রণালয় (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)